

নীলাম

তখন তোমার মুখের মতো মুখ ছিলো না বুক ছিলো না।
চোখ ছিলো না দেখার মতো কোন কিছুই।

রা কি ছিলো? কেন তবে ডাক দিলে না?
তোমার ফোটা ফুল বাগানে জ্যেৎস্না যখন দাঁড়িয়ে ছিলো।

তোমার কোন প্রেম ছিল না
প্রেমের কোন হাত ছিল না পা ছিল না
ভালবাসা ফিসফিসিয়ে ডেকেও কোন সাড়া দিলো না
শূন্যে কেমন হারিয়ে গেলো!

ঘূর্ণি বাড়ে ঘর উড়েছে, ফুল ছিঁড়েছে, জল ভেঙেছে
আজকে আমার
যৌবনে কোন্ তৃষ্ণা মর ? নষ্ট পাঁজর
আগলে আছে আমার নিশান।

স্বপ্ন ছেঁড়া আকাশতলে দাঁড়িয়ে হঠাৎ দেখতে পেলাম
তোমার হাসির বাজছে বাঁশি
চোখ মুখ ঠেঁট পাপড়ি মেলে ফুলের মতন ফুটছে ধীরে
পাথর চাপা বুকের কথা ছিটকে পড়ে হয়নি নীলাম!

নিজকে নিজে তোমার কাছে আজকে কেমন বিকিয়ে দিলাম!

মোহিনীমোহন গঙ্গোপাধ্যায়

